

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৮৭.০৮৭.২০১৬- ৩৫০

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪২২
০৬ মার্চ, ২০১৬

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মোঃ আবদুল আলিম, চেয়ারম্যান, ফুলগাজী উপজেলা পরিষদ, ফেনী কর্তৃক ফুলগাজী উপজেলার ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহ ও জমাদানে বাধা ও ভয়ভীতি প্রদর্শন, বেআইনী কার্যক্রম, গণতন্ত্রের স্বাভাবিক কার্যক্রম ব্যাহতকরণ, জনগণের মধ্যে ভীতি সঞ্চার, নির্বাচন কমিশন ও সরকারের ভাবমূর্তি নষ্ট করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর এহেন কর্মকান্ড অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহার এবং পরিষদ ও রাষ্ট্রের স্বার্থের হানিকর বিধায় উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ও (গ) ধারার অভিযোগে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কার্যক্রম শুরু করা হয়েছে;

যেহেতু, ফেনী জেলার ফুলগাজী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আবদুল আলিম এর বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ (২) ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী ও রাষ্ট্রের স্বার্থের হানিকর;

সেহেতু, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] ১৩খ(১) ধারা অনুসারে ফেনী জেলার ফুলগাজী উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আবদুল আলিমকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব


ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৮৭.০৮৭.২০১৬-৩৫০/(১) ১৫

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪২২
০৬ মার্চ, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, ফেনী।
৭. জেলা নির্বাচন কর্মকর্তা, নির্বাচন কমিশন, ফেনী।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৯. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
১২. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), ফুলগাজী উপজেলা পরিষদ, ফেনী।।
১৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফেনী/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।
১৪. জনাব মোঃ আবদুল আলিম, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ফুলগাজী উপজেলা পরিষদ, ফেনী।
১৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।



(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব